



‘বাংলাদেশে দুর্ঘটনার ঝুঁকি হ্রাস ও প্রশমনে আগাম সতর্কবার্তা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত



২৩ নভেম্বর, ২০২২-বুধবার বেলা ১২টায় ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে ‘বাংলাদেশে দুর্ঘটনার ঝুঁকি হ্রাস ও প্রশমনে আগাম সতর্কবার্তা (Early warning system for disaster risk reduction and mitigation in Bangladesh)’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্ঘটনা ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডাঃ মোঃ এনামুর রহমান, এমপি বলেন, “আগাম সতর্কবার্তা যথাযথভাবে প্রদানের মাধ্যমে দুর্ঘটনাকালীন ক্ষয়-ক্ষতির হার অনেকাংশ হ্রাস করা সম্ভব হয়। বর্তমান সরকার জনগণকে সাথে নিয়ে অত্যন্ত দক্ষতার সাথে দুর্ঘটনা মোকাবেলা করছে- যা সারা বিশ্বে প্রশংসার দাবিদার।”

তিনি আরো বলেন, “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে জাতিসংঘে দুর্ঘটনা মোকাবেলার জন্য একটি সংস্থা গঠনের আহ্বান জানান। তারই ফলশ্রুতিতে জাতিসংঘে UNDRR (United Nations Office for Disaster Risk Reduction) প্রতিষ্ঠিত হয়। এছাড়াও ১৯৭২ সালে বঙ্গবন্ধু বাংলাদেশে রেডক্রস স্থাপন করেন এবং সেখানে CPP (Cyclone Preparedness Programme)-এর আওতায় প্রায় বিশ হাজার ভলেন্টিয়ার নিয়োগ প্রদান করেন। যারা উপকূলীয় অঞ্চলে সচেতনতা বৃদ্ধিসহ দুর্ঘটনাকালীন নানা কার্যক্রম পরিচালনায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।”

তিনি আরো বলেন, “প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার জাতির পিতার এই কার্যক্রম আরো জোরদার করেছে। বর্তমানে প্রায় ৭০ হাজার ভলেন্টিয়ার নিয়োগ প্রদান করা হয়েছে। যেখানে শুধু পুরুষ নয়, অনেক মহিলারাও কাজ করছে এবং দুর্ঘটনা মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধিসহ বিভিন্ন কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বর্তমান সরকারের কার্যক্রম পদক্ষেপ গ্রহণের কারণে ঘূর্ণিঝড় বা বিভিন্ন প্রাকৃতিক দুর্ঘটনায় উপকূলীয় অঞ্চলে মৃত্যুর হার শূন্যের কোটায়।”



সেমিনারে বিশেষ অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বলেন, “দুর্ঘোণসহ বিভিন্ন ঝুঁকি মোকাবেলায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার পদক্ষেপ বিশ্বে রোল মডেলে পরিণত হয়েছে। যে কোনো দুর্ঘোণ মোকাবেলায় দেশের নেতৃত্ব স্থান হতে তৃণমূল পর্যন্ত সকলের ভূমিকা রাখা প্রয়োজন। এসকল বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য এ ধরনের সভা-সেমিনার আয়োজন করা দরকার।”

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান খন্দকার।

ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল কাদের-এর সভাপতিত্বে সেমিনারে ‘বাংলাদেশে দুর্ঘোণের ঝুঁকি হ্রাস ও প্রশমনে আগাম সতর্কবার্তা’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ. কিউ. এম মাহবুব।

মূল প্রবন্ধের ওপর আলোচনা করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. শাহেদুর রশীদ।

স্বাগত বক্তব্য প্রদান করেন সেমিনার উদযাপন কমিটির আহবায়ক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।